ইত্তেফাক

১৭/৩/৮০
৭ ৪

092

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের বি এস সি ও বিকম পরীক্ষার ফল প্রকাশ

এনা জানায়, সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৮ সনের বিএসসি ও বি কম (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। পাশের হার: বি এস সি (পাস) পরীক্ষায় শতকরা ৫০ দশমিক ৬, বি এস সি (সাবসিডিয়ারী) ৫১ দশমিক ২, বি কম (পাস) পরীক্ষায় ২৭ দশমিক ৬ এবং বি কম-এ (সাবসিডিয়ারী) ৪৬ দশমিক ২ জন।

## মাদ্রাসা বোর্ডের পরীক্ষার তারিখ পরিবর্তিত

মাদ্রাসা শিক্ষাবোর্ডের দাখিল পরীক্ষা পূর্বঘোষিত ৩রা এপ্রিলের পরিবর্তে ১৫ই এপ্রিল এবং আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা ১৫ই ফেব্রুয়ারীর পরিবর্তে ২৪শে এপ্রিল শুরু হইবে। খবর প্রেসবিজ্ঞপ্তির।